



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

ভবদহ এলাকায় মৎস্যঘের স্থাপন  
নীতিমালা, ২০১৯

আইন অধিশাখা  
জুন, ২০১৯

## মুখবন্ধ

বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম অঞ্চলের একটি অংশ হলো ভবদহ অঞ্চল, জোয়ারবাহিত পলি দ্বারা এ অঞ্চলের ভূমি গঠিত। নদী-নালা-খাল এ অঞ্চলে জালের মতো ছড়িয়ে আছে। মাথাভাঙ্গা, গড়াই, মধুমতি, কপোতাক্ষ, ভৈরবের প্রবাহে প্লাবিত ভূমির অংশ হলো কপোতাক্ষ ও ভৈরবের মধ্যবর্তী অঞ্চল। এ অঞ্চলের উজান ও ভাটি দ্বারা বিভক্ত অংশের মধ্যবর্তী অঞ্চল হলো ভবদহ জলাবদ্ধ অঞ্চল। যশোর জেলার অভয়নগর, কেশবপুর, মণিরামপুর এবং খুলনা জেলার ডুমুরিয়া ও ফুলতলা উপজেলার অংশ বিশেষ জলাবদ্ধতার শিকার।

ভবদহ এলাকার জলাবদ্ধতা স্থানীয় জনগণের দীর্ঘদিনের দুর্ভোগের কারণ। এ এলাকার জলাবদ্ধতা নিরসনের জন্য আশুকরণীয় বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ১৫/১১/২০১৬ তারিখ মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় যশোর জেলাধীন ভবদহ এলাকার জলাবদ্ধতা দূরীকরণে যে সিদ্ধান্তসমূহ গৃহীত হয় তার মধ্যে মৎস্যঘের স্থাপনের জন্য একটি নীতিমালা প্রণয়ন অন্তর্ভুক্ত ছিল। এ সিদ্ধান্তের প্রেক্ষিতে ভবদহ এলাকায় মৎস্যঘের স্থাপন নীতিমালা প্রণয়নের জন্য এ মন্ত্রণালয়সহ কৃষি মন্ত্রণালয়, পানিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা সমন্বয়ে কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি সরেজমিন ভবদহ এলাকা পরিদর্শন করে এবং স্থানীয় প্রশাসন, জন প্রতিনিধি এবং অংশীজনের সাথে মত বিনিময় করে একটি প্রাথমিক খসড়া প্রস্তুত করে। এ খসড়ার উপর মন্ত্রিপরিষদ বিভাগসহ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ, সংস্থা ও মাঠ প্রশাসন হতে মতামত গ্রহণ করা হয় এবং একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। প্রাপ্ত মতামত ও আন্তঃমন্ত্রণালয় সভার সুপারিশের আলোকে ‘ভবদহ এলাকায় মৎস্যঘের স্থাপন নীতিমালা, ২০১৯’ প্রস্তুত করা হয়।

এ নীতিমালা বাস্তবায়নের মূল দায়িত্ব উপজেলা পর্যায়ে সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তার হলেও জেলা/উপজেলা পর্যায়ের মৎস্য ঘের স্থাপন ও ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত ও পরামর্শ মোতাবেক নীতিমালার অধীন তিনি কার্যক্রম গ্রহণ করবেন। ঘের নিবন্ধন ও উহার শর্তাবলি, জলাবদ্ধতা নিরসন ও পরিকল্পিতভাবে মৎস্যঘের স্থাপনের কৌশল নীতিমালায় অন্তর্ভুক্ত আছে। ঘের এলাকায় সমন্বিত কৃষি-মৎস্য উৎপাদনকৌশল, সরকারি খাল/নদী/জমি অবৈধ দখল হতে উদ্ধার এবং খাল ও নদীর নাব্যতা বৃদ্ধিকরণ কৌশল ও তা বাস্তবায়নের প্রক্রিয়াও উল্লেখ আছে।

নীতিমালাটির যথাযথ বাস্তবায়নে ঘেরমালিক, কৃষক, জনপ্রতিনিধিসহ সকলের আন্তরিক সহযোগিতা থাকলে ভবদহ এলাকায় জলাবদ্ধতা নিরসনে বিশেষ ভূমিকা রাখবে বলে আমার বিশ্বাস।



মোঃ রইছউল আলম মন্ডল  
সচিব

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।